

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ শাখা
www.mofl.gov.bd

নম্বর- ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.২৪-৮৮

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পোরশা, নওগাঁ (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়)-এর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে তার ব্যক্তিগত একাউন্টে আপত্তিকর বক্তব্য প্রদান সংক্রান্ত একটি অভিযোগ পাওয়া যায়। তার সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে উল্লিখিত বক্তব্যের কারণে মন্ত্রণালয়/দপ্তরে কর্মরত অন্যান্য সিনিয়র/জুনিয়র কর্মকর্তাদের মনে বিরূপ প্রভাব, আন্তঃক্যাডার সমন্বয়হীনতা সৃষ্টি করাসহ সরকারকে অস্থিতিশীল করার অভিপ্রায়, যা অনভিপ্রেত এবং কর্মকর্তা সুলভ নয়। প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসাবে তার ব্যক্তিগত ফেইসবুক একাউন্টে এ ধরনের বক্তব্য প্রদান সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)-এর নির্দেশনা পরিপন্থী। তার এহেন কার্যকলাপে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে ০১ জানুয়ারি ২০২৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.২৪-০১ নং স্মারকে বিভাগীয় মামলা নং-০১/২০২৫ রুজু করা হয়; এবং

০২। যেহেতু মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০১/০১/২০২৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.২৪-০১ নং স্মারকমূলে অভিযুক্ত কর্মকর্তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না জানতে চাওয়া হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯), লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করলে ২৬ মে ২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় ও অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ০১ এপ্রিল ২০২৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

০৫। যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় তাকে একই বিধিমালা ৪(২)(খ) বিধি মোতাবেক '০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা' সূচক লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পোরশা, নওগাঁ (প্রাক্তন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়)-কে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (খ) বিধি মোতাবেক '০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

০৭। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মো: দেলোয়ার হোসেন)
সচিব

নম্বর- ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.২৪-৮৮/১(১৫)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. পরিচালক, (প্রশাসন/উৎপাদন/সম্প্রসারণ/হিসাব, বাজেট ও নিরীক্ষা), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (প্রাণিসম্পদ-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে তথ্যাদি সংরক্ষণের অনুরোধসহ)।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম (গ্রেডেশন নং-২০৪৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পোরশা, নওগাঁ (প্রাক্তন উপজেলা ১০.প্রাণিসম্পদ কর্মকর্তা, আটোয়ারী, পঞ্চগড়)
১১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পোরশা, নওগাঁ।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার পিএমআইএস-এ উক্ত তথ্যাদি হালনাগাদকরণের অনুরোধসহ)।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৪. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২৯/৪
১৬
(মোঃ শফিকুল আলম)
উপসচিব